

বাংলাদেশ স্কাউটস, কুমিল্লা অঞ্চল

F:\Office 03.docx

স্কাউট ভবন, জিলা স্কুল রোড, কুমিল্লা-৩৫০০

☎: +৮৮-০২-৩৩৪৪০৩৩৪৩, ই-মেইল : comillaregionalscouts@gmail.com

পত্র নং- বা.স্কা.কু.অ./ ৭৬২(২৬৬)/২০২৬

তারিখ: ২২ আগস্ট, ২০২৩

সম্পাদক

বাংলাদেশ স্কাউটস, কুমিল্লা/ চাঁদপুর/ ব্রাহ্মণবাড়িয়া/ নোয়াখালী/ ফেনী/ লক্ষ্মীপুর জেলা।

বিষয়ঃ প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড ও শাপলা কাব অ্যাওয়ার্ড প্রার্থীদের আবেদন ফরম প্রেরণ সম্পর্কীয়।

জনাব,

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আপনার জেলার ২০২৩ সালের প্রেসিডেন্ট'স স্কাউট ও শাপলা কাব অ্যাওয়ার্ড প্রার্থীদের জেলা-উপজেলা পর্যায়ের মূল্যায়ন গ্রহণপূর্বক গত ১০ আগস্ট ২০২৩ মধ্যে আঞ্চলিক স্কাউটস কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা হয়েছিল। সে মোতাবেক কিছু জেলা থেকে ফরমসহ তালিকা পাওয়া গেছে, কিন্তু বেশীরভাগ জেলা থেকে এখনো প্রেসিডেন্ট'স স্কাউট ও শাপলা কাব অ্যাওয়ার্ড প্রার্থীদের আবেদন ফরম পাওয়া যায়নি। গত ০৫ আগস্ট ২০২৩ তারিখে অনুষ্ঠিত প্রোগ্রাম সাব কমিটি সভার সিদ্ধান্ত অনুযায়ী আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে ২০২৩ সালের প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড ও শাপলা কাব অ্যাওয়ার্ড প্রার্থীদের আঞ্চলিক পর্যায়ের মূল্যায়ন অনুষ্ঠিত হবে। সে মোতাবেক (যারা এখনো প্রেরণ করেননি) আপনার জেলার ২০২৩ সালের প্রেসিডেন্ট'স স্কাউট ও শাপলা কাব অ্যাওয়ার্ড প্রার্থীদের জেলা-উপজেলা পর্যায়ের মূল্যায়ন গ্রহণপূর্বক ০২ সেট আবেদন ফরম ও মূল্যায়নের নম্বরপত্র আগামী ১০ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে আঞ্চলিক স্কাউটস কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ জানাই।

একসেট আবেদন ফরমের সাথে নিম্নবর্ণিত তথ্যসমূহ সংযুক্ত করতে হবে:

- ১। ইউনিফর্ম পরিহিত ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি;
- ২। জন্ম নিবন্ধন সনদের ফটোকপি;
- ৩। “আমার স্কাউট রেকর্ড” বই এর ফটোকপি;
- ৪। আবেদন ফরম এর নির্দিষ্ট স্থানে সংশ্লিষ্ট সকলের স্বাক্ষর থাকতে হবে।

প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড ও শাপলা কাব অ্যাওয়ার্ড প্রার্থীদের ফরম, তালিকা তথ্য (সফট কপি ও হার্ড কপি) ১০ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে অঞ্চলে (comillaregionalscouts@gmail.com) প্রেরণ করার জন্য আপনাকে অনুরোধ জানাই।

প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড ও শাপলা কাব অ্যাওয়ার্ড প্রার্থীদের অঞ্চল পর্যায়ের মূল্যায়ন যথাসময়ে গ্রহণে সকলের সহযোগিতা কামনা করি।



(মোঃ আকতার হোসেন)

উপপরিচালক

বাংলাদেশ স্কাউটস, কুমিল্লা অঞ্চল

মোবাইল নং - ০১৯১২-৮৪১০৬০

ই-মেইল -aktardu@yahoo.com

বিতরণঃ জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। সহকারী পরিচালক, সকল জেলা, বাংলাদেশ স্কাউটস, কুমিল্লা অঞ্চল।
- ২। লিডার ট্রেনার/সহকারী লিডার ট্রেনার (সকল), বাংলাদেশ স্কাউটস, কুমিল্লা অঞ্চল।
- ৩। জেলা স্কাউট লিডার/জেলা কাব লিডার (সকল জেলা), বাংলাদেশ স্কাউটস, কুমিল্লা অঞ্চল।
- ৪। উপজেলা স্কাউটস সম্পাদক (সকল), বাংলাদেশ স্কাউটস, কুমিল্লা অঞ্চল।

সদয় জ্ঞাতার্থেঃ

- ১। কমিশনার, বাংলাদেশ স্কাউটস, কুমিল্লা অঞ্চল।
- ২। আঞ্চলিক উপ-কমিশনার.(প্রোগ্রাম), বাংলাদেশ স্কাউটস, কুমিল্লা অঞ্চল।
- ৩। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, কুমিল্লা অঞ্চল।
- ৪। কমিশনার, বাংলাদেশ স্কাউটস, কুমিল্লা/ চাঁদপুর/ ব্রাহ্মণবাড়িয়া/ নোয়াখালী/ ফেনী/ লক্ষ্মীপুর জেলা।